কাজেম আলী স্কুল এন্ড কলেজ

২য় মূল্যায়ন পরীক্ষা-২০২১

শ্রেণি-একাদশ

বিষয়- পৌরনীতি ও সুশাসন ১ম পত্র

বিষয় কোড: ২৬৯

সময় ঃ ১ ঘন্টা ৩০ মিনিট **পূর্ণমান ৫০**

"ক-বিভাগ"

[সৃজনশীল অংশ-৩০]

১। একাদশ শ্রেণির পঠিতব্য বিষয়গুলোর মধ্যে সায়মার খুব ভালো লাগে একটি বিষয় যা-নাগরিক ও নগররাষ্ট্র নিয়ে আলোচনা করে। ক্লাসে মিজান স্যার যখন সুন্দরভাবে নাগরিক অধিকার, কর্তব্য, সাম্য, স্বাধীনতা সম্পর্কে আলোচনা করেন তখন সে নিজের অবস্থান নির্ধারণ করার ও চেষ্টা করে।

(ক) পৌরনীতি সম্পর্কে ই.এম. হোয়াইট প্রদত্ত সংজ্ঞাটি লেখ। ১

(খ) আইনের শাসন বলতে কী বোঝায়? ২

(গ) উদ্দীপকের মিজান স্যারের ক্লাস সায়মাকে আকৃষ্ট করে কেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

(ঘ) "শুধু সায়মা নয়- সকল নাগরিকের এরূপ বিষয় অধ্যয়ন করা প্রয়োজন।" তুমি কি একমত? যুক্তি দাও। ৪

২। "ক" রাষ্ট্রের ছাত্ররা তথ্য প্রযুক্তির কল্যাণে এখন ঘরে বসে ভর্তির আবেদন, রেজিষ্ট্রেশন, পরীক্ষার ফলাফল জানাসহ যাবতীয় কাজ করতে পারে। চাকরির জন্য ও তারা একই প্রক্রিয়া অনুসরণ করে।

(ক) ই- সেবা কী? ১

(খ) ই-গভর্ন্যান্স বলতে কী বোঝায়? ২

(গ) "ক" রাষ্ট্রের ছাত্ররা কী ধরনের ব্যবস্থার সুফল পাচ্ছে? ব্যাখ্যা। ৩

(ঘ) উদ্দীপকে বর্ণিত ব্যবস্থা "অধিকতর স্বচ্ছ ও জবাবদিহিতামূলক" বিশ্লেষণ কর। ৪

৩। শাহিনা যে কারখানায় কাজ করেন সেখানে পুরুষ শ্রমিক ও কাজ করে। পুরুষদের পারিশ্রমিক দেওয়া হয় দৈনিক ২০০ টাকা আর নারী শ্রমিকদের দেওয়া হয় ১২০ টাকা করে। শুধু নারী বলে তাকে বৈষম্যের শিকার হতে হয়। শাহিনার আবেদন স্বাধীন দেশের স্বাধীনতাকে সত্যিকার অর্থে তারা যেন উপভোগ করতে পারে।

(ক) মূল্যবোধ কী? ১

(খ) সহমর্মিতা কাকে বলে? ২

(গ) উদ্দীপকে শাহিনা কোন ধরনের সাম্য থেকে বঞ্চিত হয়েছেন? বর্ণনা কর। ৩

(ঘ) সাম্য কীভাবে স্বাধীনতাকে নিশ্চিত করে? বিস্তারিত বর্ননা দাও। ৪

“খ-বিভাগ”]

বহুনির্বাচনি-২০

[প্রতিটি প্রশ্নের মান সমান]

১। পৌরনীতি ও সুশাসন পাঠের গুরুত্বপূর্ণ উপযোগিতা কী?

(ক) রাষ্ট্র সম্বন্ধে ধারনা অর্জন (খ) মূল্যবোধের শিক্ষা অর্জন

(গ) সুনাগরিকতার শিক্ষা অর্জন (ঘ) নাগরিক জ্ঞান অর্জন

২। ই-গভর্ন্যান্স নিশ্চিত করে-

(ক) স্বচ্ছতা ও অংশগ্রহন (খ) স্বচ্ছতা ও আইনের শাসন

(গ) অনিয়ন্ত্রিত আমলাতন্ত্র (ঘ) শিল্প কারখানার উন্নয়ন

৩। যেখানে আইন থাকে না, সেখানে স্বাধীনতা থাকতে পারে না- উক্তিটির দ্বারা কী বোঝানো হয়েছে?

(ক) আইন স্বাধীনতার পূর্বশর্ত (খ) আইন স্বাধীনতার রক্ষক

(গ) আইন ও স্বাধীনতা পরষ্পর পরস্পরের পরিপূরক (ঘ) আইন স্বাধীনতার সহায়ক

৪। আইন মান্য করার কারণ হলো-

(i) শাস্তির ভয়ে

(ii) যৌক্তিকতার উপলব্ধি

(iii) বাধ্য হয়ে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫।“প্রতিটি নাগরিক বিশ্ব সমাজের সদস্য” এর দ্বারা নাগরিকত্বের কোন রূপটি প্রকাশ পেয়েছে?

(ক) স্থানীয় রূপ (খ) জাতীয় রূপ

(গ) আন্তর্জাতিক রূপ (ঘ) মানবিক রূপ

নিচের উদ্দীপকটি পড় এবং ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও।

সম্প্রতি বাংলাদেশ একটি আদালতের মাধ্যমে প্রতিবেশী বন্ধুরাষ্ট্র মায়ানমারের সাথে সমুদ্রসীমা সংক্রান্ত বিরোধের মীমাংসা করে।

৬। বাংলাদেশ কোন আইনের মাধ্যমে উক্ত বিরোধের মীমাংসা করে?

(ক) সরকারি (খ) বেসরকারি

(গ) প্রশাসনিক (ঘ) আন্তর্জাতিক

৭। উক্ত আইনের সঠিক প্রয়োগের ফলে-

(ক) বিভিন্ন রাষ্ট্রের আইন শৃঙ্খলার উন্নতি হবে (খ) বিচার বিভাগের স্বাধীনতা রক্ষা পাবে

(গ) ব্যক্তির সাথে রাষ্ট্রের সু-সম্পর্ক বজায় থাকবে (ঘ) বিভিন্ন রাষ্ট্রের মধ্যে সৌহার্দ মূলক সম্পর্ক বজায় থাকবে

৮। সুশাসনের একটি অন্যতম সমস্যা হলো-

(ক) দারিদ্র্য বিমোচন (খ) সম্মোহনী নেতার অভাব

(গ) জনাবদিহিতার অভাব (ঘ) দাতা দেশগুলোর সমর্থনের অভাব

৯। নগর রাষ্ট্রের স্থলে আধুনিক যুগে কিরূপ রাষ্ট্রব্যবস্থা গড়ে উঠেছে?

(ক) বিশ্বরাষ্ট্র (খ) রাজতান্ত্রিক সাম্রাজ্য

(গ) জাতীয় রাষ্ট্র (ঘ) প্রকৃতির রাজ্য

১০। তথ্য প্রবাহে অবাধ স্বাধীনতা প্রতিষ্ঠিত হয় কিসের মাধ্যমে?

(ক) ই-গভর্ন্যান্স (খ) ই-কমার্স

(গ) তথ্য প্রযুক্তি (ঘ) ইলেকট্রনিক মিডিয়া

১১। আর্ন্তজাতিক পর্যায়ে সুশাসনের গুরুত্বকে কীভাবে বিবেচনা করা যায়?
(i) উন্নয়নের মানদন্ড হিসেবে
(ii) সম্পদের সুষম বন্টনের হাতিয়ার হিসেবে
(iii) বিরোধী দল বিহীন শাসন ব্যবস্থা হিসেবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও।

জনগনকে সেবা প্রদানের মূল দায়িত্ব আমলাতন্ত্রের উপর বর্তায়। কিন্তু সেবা প্রদানে নিয়োজিত আমলাদের মধ্যে নানা অনিয়ম বিরাজমান।

১২। সুশাসনের পথে আমলাতন্ত্র অন্তরায় কেন?
(i) জবাবদিহিতার অভাব
(ii) নীতিপ্রণয়ন ও সিদ্ধান্ত গ্রহণের দক্ষতার অভাব
(iii) আমলাদের মধ্যে দুর্নীতির প্রভাব
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৩। প্রশাসনে দুর্নীতি ও অনিয়মের কারণে
(i) জনগন সেবা প্রাপ্তি থেকে বঞ্চিত হয়
(ii) মৌলিক অধিকার লঙ্ঘিত হয়
(iii) প্রশাসকেরা সেবা প্রদানে নিরুৎসাহী হয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৪। The Republic গ্রন্থটির লেখক কে?
(ক) এরিস্টটল (খ) প্লেটো
(গ) মন্টেস্কু (ঘ) ই.এম. হোয়াইট

১৫। গণতান্ত্রিক শাসন ব্যবস্থার মূল কথা কী?
(ক) রাজনৈতিক ব্যক্তিদের পরিচালিত শাসন (খ) জনমতের ভিত্তিতে পরিচালিত শাসন
(গ) জনগণের সরাসরি অংশগ্রহনে শাসন (ঘ) শিক্ষিত ব্যক্তিদের দ্বারা শাসন

১৬। সামাজিক মূল্যবোধের ভিত্তি হলো
(i) সামাজিক ন্যায় বিচার
(ii) সহনশীলতা
(iii) আইনের শাসন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৭। "যুক্তিসিদ্ধ ইচ্ছার অভিব্যক্তিই আইন"- উক্তিটি কার?
(ক) প্লেটো (খ) এরিস্টটল
(গ) টমাসহবস (ঘ) জন অস্টিন

১৮। মানুষের আচরণের সামাজিক মাপকাঠি কোনটি?
(ক) ন্যায়পরায়ণতা (খ) মূল্যবোধ
(গ) সহনশীলতা (ঘ) সহমর্মিতা

১৯। অপরাধীদের শাস্তি দেয়ার জন্য নিচের কোন আইনটি ব্যবহৃত হয়?

(ক) দেওয়ানি আইন (খ) ফৌজদারি আইন

(গ) আন্তর্জাতিক আইন (ঘ) সাংবিধানিক আইন

২০। নিচের কোনটি রাজনৈতিক স্বাধীনতা?

(ক) চলাফেরার স্বাধীনতা

(খ) নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার অধিকার

(গ) নিজ ধর্ম পালনের অধিকার

(ঘ) অন্য দলকে কথা বলতে না দেয়া।